

স্মারক নং ৫৮.০২.০০০০.০০৬.১৮.৭৬৫.২০- ৬৬৪৪(২)

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩২
২৬ আগস্ট, ২০২৫


অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৩৩ অনুযায়ী, মাদকের মাধ্যমে অবৈধভাবে অর্জিত সম্পদের বিরুদ্ধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ অনুসারে আরও কার্যকর ও সমন্বিত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নিম্নরূপভাবে একটি 'মানিলন্ডারিং মনিটরিং সেল' গঠন করা হলো:

| ক্রম | কর্মকর্তাগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান |
|------|--|-----------------|
| ১. | জনাব মোহাম্মদ গোলাম আজম, অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২. | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩. | পরিচালক (অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৪. | অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৫. | জনাব হাসান সাদিক মাহমুদ, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য সচিব |

সেলের কার্যপরিধি নিম্নরূপ:

১. মাদক সংক্রান্ত যেকোনো অভিযোগ, গোয়েন্দা তথ্য বা তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির আর্থিক লেনদেন, সম্পদ অর্জন ও সম্পদের উৎস সংক্রান্ত তথ্য বিশ্লেষণের মাধ্যমে সন্দেহজনক বা অবৈধ লেনদেন চিহ্নিত করবেন;
২. মাদক সংশ্লিষ্ট ব্যক্তিদের অস্বাভাবিক সম্পদের উপর নিয়মিত নজরদারি করবেন এবং সন্দেহভাজন লেনদেন বা সম্পদের বিষয়ে নির্ধারিত কর্তৃপক্ষের কাছে রিপোর্ট পেশ করবেন। এছাড়া মাদক থেকে অর্জিত সম্পদের সন্ধানে নিয়মিত অনুসন্ধান ও আপডেটেড ডেটাবেইস পরিচালনা করবেন;
৩. উক্ত সেল প্রয়োজনে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), দুর্নীতি দমন কমিশন (দুদক) এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে সমন্বয় সাধন করবেন।



২৬/০৮/২০২৫
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
ফোন-০২-২২৬৬৬৪৪০০

স্মারক নং ৫৮.০২.০০০০.০০৬.১৮.৭৬৫.২০- ৬৬৪৪ (১১)/১৭

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩২
২৬ আগস্ট, ২০২৫

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়।
৪. সিনিয়র কনসালটেন্ট, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
৫. উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্মলয়/জেলা কার্যালয়/গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....
৬. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭. সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....
৮. স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. অফিস কপি।


২৬/০৮/২০২৫
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক